

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

“একনজরে বিআরটিসি”

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব এর প্রত্যক্ষ দিকনির্দেশনায় বিআরটিসিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিনত হয়েছে। আধুনিক সড়ক পরিবহন সেবা ও ডিজিটাল বিআরটিসি গড়ার লক্ষ্যে জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি এর অবদান অনস্বীকার্য। কর্পোরেশনের আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন ও যাত্রী সেবার মান উন্নয়ন, এই ব্রত নিয়ে কর্পোরেশনের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের গৃহীত কার্যক্রমসমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ

➤ বিগত ০৫ বছরের আয়-ব্যয় নিয়ে উপস্থাপন করা হলোঃ

সালের নাম	মোট আয় (লক্ষ টাকায়)	মোট ব্যয় (লক্ষ টাকায়)	লাভ/ক্ষতি (লক্ষ টাকায়)
২০১৮-২০১৯	২৫,৮৮৮.৪২	২৬,৫৫৩.৩০	(৬৬৪.৮৮)
২০১৯-২০২০	৩৪,৯২৮.১৫	৩৪,৪৮৭.৯২	৪৪০.২৩
২০২০-২০২১	৩২,৪৪৬.২১	৩১,৮৯৩.২১	৫৫৩.০০
২০২১-২০২২	৪৭,৫৯০.৭৮	৪৪,০১৫.৩৬	৩,৫৭৫.৪২

➤ বিআরটিসির নীট লাভের পরিমাণ ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। গত জুলাই/২২ ৪৪৩.৪৭ লক্ষ টাকা এবং সেপ্টেম্বর/২০২২ মাসে ৪৭১.৫০ লক্ষ টাকা নীট লাভ হয়েছে।

➤ ডিপো/ইউনিটের সকল কর্মচারীদের বেতন-ভাতা নিজস্ব আয় হতে একযোগে প্রতিমাসের ০১ তারিখের মধ্যে পরিশোধ করা হচ্ছে।

➤ বর্তমান চেয়ারম্যান মহোদয় যোগদানের পূর্বে বিআরটিসির দায়-দেনার পরিমাণ ছিল ৮৭ কোটি ৬৮ লক্ষ টাকা। বর্তমানে ৩৭ কোটি ৩০ লক্ষ টাকা দায়-দেনা পরিশোধ করে দায়-দেনার পরিমাণ কমিয়ে ৫০ কোটি ৩৮ লক্ষ টাকায় নিয়ে আসা হয়েছে।

➤ বর্তমান চেয়ারম্যান মহোদয় নিজস্ব অর্থায়নে কর্পোরেশনের অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের গ্র্যাচুইটি বাবদ ১৯ কোটি ২৯ লক্ষ টাকা, সিপিএফ বাবদ ১৫ কোটি ৩৭ লক্ষ টাকা এবং ছুটিনগদায়ন বাবদ ১ কোটি ৩৩ লক্ষ টাকা প্রদান করা হয়।

➤ বিআরটিসির বর্তমান চেয়ারম্যান মহোদয়ের প্রত্যক্ষ নির্দেশনায় কল্যাণ তহবিল ১৯ কোটি ৩৫ লক্ষ টাকা এবং শিক্ষা তহবিল বাবদ ৪ কোটি ৮০ লক্ষ টাকা নিজস্ব তহবিল হতে বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীদের প্রদান করা হয়।

➤ বিআরটিসির অনুমোদিত জনবলের সংখ্যা ৫৯৩৫জন। বর্তমানে কর্মরত ৩৭১৪ জনের মধ্যে ১ম শ্রেণীর ৭৭জন কর্মকর্তা, দ্বিতীয় শ্রেণীর ২৯জন কর্মকর্তা, তৃতীয় শ্রেণীর ৩৪৭৪জন কর্মচারী ও চতুর্থ শ্রেণীর ১৩৪জন কর্মচারী রয়েছে। শূণ্য জনবলের সংখ্যা ২১৭৯জন।

➤ বিআরটিসিতে ০৩/১০/২০২১ তারিখ হতে এ পর্যন্ত কারিগর (এ, বি ও সি), ডেপুটি ম্যানেজার (টেকঃ), হিসাব রক্ষণ কর্মকর্তা, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, অপারেটর (চালক) সি, নিরাপত্তা প্রহরী, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ ও সিভিল), ক্রয় কর্মকর্তা, সাঁটলিপিকার, ইলেক্ট্রিশিয়ান, এস্টিমেটর, সহকারী ড্রাফটসম্যান, বিল সহকারী, টেলিফোন অপারেটর, আমিন, কন্ডাক্টর-ডি (কাউন্টারম্যান), স্টোরম্যান, পিওএল এটেন্ডেন্ট ও পরিচ্ছন্নতাকর্মী পদে মোট ৭৩৫ জনকে নিয়োগ প্রদান করা হয়।

এছাড়াও জব সহকারি ও কারিগর-বি ও ডি (সাধারণ/ড্রেড) পদে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে। জব সহকারি ও কারিগর-বি ও ডি (সাধারণ/ড্রেড) পদে মোট ৮৯ জনের নিয়োগের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। কোষাধ্যক্ষ, অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর ও কারিগর-সি (সাধারণ/ড্রেড) পদে মোট ৪৯ জনের নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।

➤ দীর্ঘ প্রায় ১২ বছর পর চালক-কন্ডাক্টরদের পদমোতি প্রদান করা হয়। এর ফলে ফিল্ড লেভেল কর্মকর্তাদের গতি বৃদ্ধি পেয়েছে।

➤ ডিপো ভিত্তিক রুট ও চলমান বাসের তথ্য নিম্নে উপস্থাপন করা হলোঃ

ক্রম	ডিপোর নাম	রুট সংখ্যা	বাস সংখ্যা
১	মিরপুর বাস ডিপো	০৮টি	৫১টি
২	কল্যাণপুর বাস ডিপো	০৪টি	৩২টি
৩	মতিঝিল বাস ডিপো	১৫টি	৯১টি
৪	জোয়ারসাহারা বাস ডিপো	১২টি	৬৫টি
৫	গাবতলী বাস ডিপো	০৮টি	৩৮টি
৬	মোহাম্মদপুর বাস ডিপো	০৬টি	৪৮টি
৭	নারায়ণগঞ্জ বাস ডিপো	০৭টি	৫৭টি
৮	গাজীপুর বাস ডিপো	০৫টি	৬০টি
৯	নরসিংদী বাস ডিপো	০৮টি	২৬টি
১০	যাত্রাবাড়ি বাস ডিপো	০৮টি	২৯টি
১১	চট্টগ্রাম বাস ডিপো	১২টি	৫৮টি
১২	বরিশাল বাস ডিপো	১৩টি	৩৮টি
১৩	বগুড়া বাস ডিপো	১৯টি	৩৯টি
১৪	রংপুর বাস ডিপো	১৫টি	৩৮টি
১৫	পাবনা বাস ডিপো	১৩টি	২২টি
১৬	খুলনা বাস ডিপো	১৫টি	৩১টি
১৭	কুমিল্লা বাস ডিপো	০৮টি	৩১টি
১৮	সিলেট বাস ডিপো	১১টি	২০টি
১৯	সোনাপুর বাস ডিপো	০৫টি	১৭টি
২০	দিনাজপুর বাস ডিপো	০৯টি	১৬টি
২১	ময়মনসিংহ বাস ডিপো	০৪টি	১৬টি
২২	টুঙ্গিপাড়া বাস ডিপো	০৭টি	১৮টি
মোট=		২১৪টি (সিটি ৩০, আন্তর্জাতিক ১৮৩টি)	৮৪১টি

- স্টাফবাস ২৫৯টি রুটে ৪০৮টি বাস চলাচল করে। লং লীজে ৩৯টি বাস ও বিভিন্ন ট্রেনিং ইন্সটিটিউটে ৮টি বাস চলাচল করছে।
- বিভিন্ন ডিপো/ইউনিটের ৩৫০টি পুরাতন জরাজীর্ণ বাস ভারী মেরামত করে বিআরটিসি'র গাড়ী বহরে সংযুক্ত করে রাজস্ব বৃদ্ধি করা হয়েছে।
- দীর্ঘ প্রায় ১০ বছর যাবত ডিপো/ইউনিটসমূহের মেরামতের অযোগ্য ১৮৭টি পুরাতন গাড়ী নিলামে বিক্রয় করা হয়।
- গত ২২/০৬/২০২২ তারিখে বিইআর ঘোষিত ৫০টি বাসের নিলামে বিক্রয় প্রক্রিয়া এবং ২৩/০৩/২০২২ তারিখে বিইআর ঘোষিত ১০৫টি বাসের মধ্যে ৩৭টি বাস বিক্রয় সম্পন্ন হয়েছে।
- ১০৪টি বাস আয়ুস্কাল পূর্ণ হয়নি, মেরামত লাভজনক নয় এবং আয়ুস্কাল পূর্ণ হয়েছে, মেরামত লাভজনক নয় ৪১টি বাসের বিইআর ঘোষণার কার্যক্রম প্রক্রিয়াধীন।
- ঢাকাস্থ বিআরটিসি'র কেন্দ্রীয় মেরামত কারখানায় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের যানবাহন মেরামত করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থবছরে ৫১০০টি যানবাহন মেরামত করা হয়েছে।
- প্রধান কার্যালয়কে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের থ্রি-ডি চিত্র, শেখ রাসেলের মুরাল, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও বিআরটিসি যানবাহনের চিত্র প্রদর্শনের মাধ্যমে সৌন্দর্যবৃদ্ধি ও দৃষ্টিনন্দন করা হয়েছে।
- প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধু কর্নার, লাইব্রেরী স্থাপনসহ ভবন আধুনিকায়ন করা হয়েছে।
- প্রধান কার্যালয়ের সভাকক্ষ ডিজিটাল, আধুনিকায়ন ও দৃষ্টিনন্দন করা হয়েছে।
- সকল ডিপো/ইউনিটে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ বাংলাদেশ কর্ণার স্থাপন, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও বিআরটিসি যানবাহনের চিত্র প্রদর্শনের মাধ্যমে সৌন্দর্যবৃদ্ধি, ভবন ও প্রধান ফটক (গেইট) দৃষ্টিনন্দন করা হয়েছে।
- চালক, কন্ডাক্টর, কারিগর ও নিরাপত্তারক্ষীদেরকে নতুন পোশাক/ইউনিফর্ম প্রদান করা হয়েছে।

- ভারত হতে আমদানীকৃত ১৯১টি এসি বাসে WiFi সংযোগ চালু করা হয়েছে।
- প্রধান কার্যালয়সহ প্রতিটি ডিপো/ইউনিটে অডিট ফার্ম কর্তৃক অডিট কার্যক্রম সম্পন্ন করা সহ আভ্যন্তরীণ অডিট জোরদার করা হয়েছে।
- ১১ টি রুটে ই-টিকেটিং ও অনলাইন টিকিট ব্যবস্থা বিআরটিসি বাসে চালু করা হয়েছে।
- ছাত্র-ছাত্রীরা অর্ধেক ভাড়ায় বিআরটিসি'র বাসে নিয়মিত যাতায়াত করছে।
- ভারী মেরামতের জন্য গাজীপুর সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুর-এ নতুন ভাবে চালু করা হয়েছে। উক্ত কারখানায় প্রতিমাসে স্বল্প খরচে বিআরটিসির নিজস্ব গাড়ীর ভারী মেরামত করা হচ্ছে।
- বিআরটিসি বাস ডিপো গাজীপুর ও মিরপুর-এ পুনরায় পেট্রল পাম্প চালু করা হয়েছে। এর মাধ্যমে জ্বালানী খাতে ব্যয় সাশ্রয় করা সম্ভব হচ্ছে।
- ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলা উপলক্ষ্যে বিভিন্ন ডিপো হতে জনসাধারণের চলাচলের জন্য প্রয়োজনীয় সংখ্যক বাস বরাদ্দ দেওয়া হয়েছে।
- বাস রুট Rationalization কার্যক্রমের আওতায় ঢাকা নগর পরিবহন (ঘাটারচর হতে কাচপুর) পর্যন্ত ২১ নং রুটে ৫০টি দ্বিতল বাস চালু করা হয়েছে এবং ২৬নং রুট (ঘাটারচর হতে পাগলা) বিআরটিসি বাস এককভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
- ডিজেলের মূল্যে প্রায় ৪২% বৃদ্ধির পরও বিআরটিসি পূর্বের ভাড়ায় বিসিআইসি এর সার দেশের বিভিন্ন প্রান্তে পরিবহন করা হচ্ছে।
- বিআরটিসি ত্রৈমাসিক সমাচার নিয়মিত প্রকাশ করা হচ্ছে।
- পরিবহন পুল হতে ২৯টি ট্রেনিং বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া গেছে।
- কোরিয়া হতে ৩৪০টি CNG বাস ক্রয় করা কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।
- বিআরটিসি'র বাসে যাত্রী পরিবহণ কার্যক্রম তদারকির জন্য ভিজিটেশন টিম কার্যক্রম জোরদার করা হয়েছে।
- বিআরটিসি'র সকল চলমান বাস ডেন্টিং-পেইন্টিংসহ পরিষ্কার পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন করা হয়েছে। উক্ত কার্যক্রম প্রতিনিয়ত Monitoring করা হচ্ছে।
- বিআরটিসি'র সকল ডিপোতে র্যাম্প নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে অধিক সংখ্যক ডিপোর র্যাম্প নির্মাণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
- বিআরটিসি'র ডিপো/ইউনিটে ইয়ার্ড ও ড্রাইভিং ট্রাক নির্মাণ করা হয়েছে।
- বিআরটিসি'র নিজস্ব ব্যবস্থাপনায় ৬৭১টি বাসে এবং ৫০০টি ট্রাকে VTS সংযোজন করা হয়েছে ও অবশিষ্ট ২৯টি বাসে VTS প্রক্রিয়াধীন রয়েছে।
- ৬টি রুটে “আমাদের বিআরটিসি” মোবাইল এ্যাপ চালু করা হয়েছে। এই এ্যাপসের মাধ্যমে বিআরটিসি বাসের রুট, সময়সূচি ও নির্দিষ্ট অবস্থান সম্পর্কে যাত্রীসাধারণ জানতে পারছে।
- বিআরটিসির অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের গ্রাচুইটি প্রদানের জন্য “গ্রাচুইটি ম্যানেজমেন্ট সফটওয়্যার” এ্যাপস চালু করা হয়েছে।
- ড্রাইভিং প্রশিক্ষণে ভর্তি প্রক্রিয়া ডিজিটাইজেশন ও অনলাইন করা হয়েছে।
- পদ্মা সেতু উদ্বোধনের প্রেক্ষিতে রাজধানী ঢাকার সাথে দক্ষিণবঙ্গের যোগাযোগের সুবিধার্থে ২১টি জেলার ২৩টি রুটে ৬০টি বাস সার্ভিস চালু করা হয়েছে এবং জনদুর্ভোগ নিরসণে ২৬.০৬.২০২২ তারিখ ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ ডিজিটাল কাউন্টার স্থাপন করা হয়।
- ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে বাংলাদেশ আনসার, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, নায়েম, বিবিএ ও পদ্মা সেতুর প্রকল্পের ক্ষতিগ্রস্থদের ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
- নোয়াখালী জেলায় একটি প্রশিক্ষণ কেন্দ্র চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে যার প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে।
- ২৬ তম আন্তর্জাতিক বানিজ্য মেলা উপলক্ষে, শেওড়াপাড়া, কুড়িল বিশ্বরোড টু আন্তর্জাতিক বানিজ্য মেলা পর্যন্ত, বিআরটিসি শাটল বাস সার্ভিস এর শুভ উদ্বোধন ও সফলভাবে সম্পন্ন করেন।
- বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানে লক্ষ্যে বিআরটিসির আবেদন যাচাই-বাছাই করার জন্য ২৩/০৫/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২জন প্রতিনিধি প্রেরণ করেন। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন

মন্ত্রণালয়ের বাছাই কমিটি ২৪ আগস্ট ২০২২ তারিখে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানের সুপারিশসহ জাতীয় কমিটি বরাবর বিআরটিসির আবেদন প্রেরণ করা হয়েছে।

- বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম এর নেতৃত্বে ও অক্লান্ত পরিশ্রমের এক বিশাল অর্জন হচ্ছে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সকল দপ্তর সংস্থার মধ্যে (APA) ২০২১-২০২২ অর্থ বছরে বিআরটিসির প্রথম স্থান অর্জন।
- সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে দপ্তর/সংস্থার প্রধান হিসেবে চেয়ারম্যান, বিআরটিসিকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।
- প্রতিসপ্তাহে চালকদের পাঁচ (০৫) দিন ব্যাপী সচেতনামূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।